# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ১৮৫

৩৭. কাব্যিক ছন্দে রাসূলুল্লাহ (ﷺ) এর কথা (باب ما جاء في صفة كلام رسول الله ﷺ في الشعر)

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ ، قَالَ : حَدَّثَنَا شَرِيكٌ ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ ، عَنْ أَبِي سَلَمَةَ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ : " أَشْعَرُ كَلِمَةٍ تَكَلَّمَتْ بِهَا الْعَرَبُ كَلِمَةُ لَبِيدٍ : " أَلا كُلُّ شَيْءٍ مَا خَلا اللَّهَ بَاطِلٌ " .

বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে শ্রেষ্ঠতম উদ্ধৃতি:

১৮৫. আবু হুরায়রা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি বলেছেন, আরব কবিদের মধ্যে শ্রেষ্ঠতম বাণী হচ্ছে লাবীদের এই চরণঃ أَلا كُلُّ شَيْءٍ مَا خَلا اللَّهَ بَاطِلٌ অর্থাৎ সাবধান আল্লাহ ছাড়া সব কিছুই ধ্বংসশীল।[1]

## English

Abu Hurairah radiyallahu anhu relates from Rasoolullah sallallahu alaihe wasallam that the best words from among the poets of Arabia is that of Labeed, ‘Verily be aware, that everything besides the Almighty Allah will perish.’

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হা/৬০২৫; ইবনে হিব্বান, হা/৫৭৮৩, মুসনাদে আহমাদ, হা/১০২৩৫; জামেউস সগীর, হা/১০০৬।

ব্যাখ্যা

আরবের একজন সুবিখ্যাত কবি ছিলেন লাবীদ ইবনে রাবিয়া আল-আমিরী। তিনি তার গোত্রের একটি প্রতিনিধি দলের সাথে রাসূলুল্লাহ (সাঃ) এর নিকট এসে ইসলাম কবুল করেন। ইসলাম কবুলের পর তিনি আর কবিতা

রচনা করেননি। তিনি বলতেন, আমার জন্য কুরআনই যথেষ্ট।

লাবীদের এ উক্তিকে রাসূলুল্লাহ (সাঃ) সবচেয়ে সত্য বলেছেন এজন্য যে, এটি কুরআনের নিচের আয়াতটির সাথে সামঞ্জস্যপূর্ণ।

كُلُّ شَيْءٍ هَالِكٌ إِلا وَجْهَهُ

অর্থাৎ আল্লাহ ছাড়া সবকিছুই ধ্বংসশীল। [সূরা কাসাসঃ ৮৮]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49099

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন